

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৫, ২০২২

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ডাক-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২১ ভাদ্র ১৪২৯/০৫ সেপ্টেম্বর ২০২২

নং ১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৮.১৩১১—The Post Office (Amendment) Act, 2010 (২০১০ সালের ১ নম্বর আইন)-এর ৪ (সি) এর (২) অনুযায়ী প্রণীত “মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস বিধিমালা, ২০১৩” এর বিধি ৮ এর ক্ষমতাবলে গঠিত মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলী সূষ্ঠাভাবে সম্পাদনের উদ্দেশ্যে পূরণকল্পে উক্ত বিধিমালায় বিধি ৮ এর আলোকে নিম্নরূপ পরামর্শক কমিটি পুনর্গঠন করা হলো :

ক্রম	কর্মকর্তার পদবি ও দপ্তর/সংস্থা	কমিটিতে অবস্থান
১	সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সভাপতি
২	মহাপরিচালক, ডাক অধিদপ্তর	সদস্য
৩	চেয়ারম্যান, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ	সদস্য
৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিব/উপসচিব	সদস্য
৫	নৌ পরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৬	জাতীয় রাজস্ব বোর্ডের যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি	সদস্য
৭	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৮	বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য

(১৫৩৮৭)

মূল্য : টাকা ৪.০০

৯	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
১০	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
১১	পুলিশ হেড কোয়ার্টার্স এর ডিআইজি পদমর্যাদার একজন প্রতিনিধি	সদস্য
১২	সভাপতি/ সেক্রেটারি, কুরিয়ার সার্ভিসেস এসোসিয়েশন অব বাংলাদেশ	সদস্য
১৩	সভাপতি/ সেক্রেটারি, ইন্টারন্যাশনাল এয়ার এক্সপ্রেস এসোসিয়েশন অব বাংলাদেশ	সদস্য
১৪	সভাপতি/ সেক্রেটারি, বাংলাদেশ অন- বোর্ড কুরিয়ার সার্ভিস এসোসিয়েশন	সদস্য
১৫	সভাপতি/ সেক্রেটারি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ	সদস্য
১৬	এফবিসিসিআই এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৭	বিজিএমইএ এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৮	বিকেএমইএ এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
১৯	সদস্য, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ	সদস্য-সচিব

২। কার্য পরিধি :

পরামর্শক কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবে :

- পরামর্শক কমিটি লাইসেন্সিং কর্তৃপক্ষকে আইন ও এই বিধিমালার সহিত অসংগতিপূর্ণ নহে এইরূপ যেকোন পরামর্শ প্রদান করবে;
- পরামর্শক কমিটি মেইলিং ও কুরিয়ার ব্যবসার সম্প্রসারণ, ব্যবসার উন্নয়ন, নীতি-নির্ধারণ, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানসমূহকে পরামর্শ প্রদান করবে; এবং
- পরামর্শক কমিটি ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি, নীতিমালার প্রয়োগ ও বাস্তবায়ন এবং আন্তঃ প্রতিষ্ঠান সম্পর্কোন্নয়নসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

৩। এতদ্বিষয়ে ডাক টেলিযোগাযোগ বিভাগের গত ১১-০২-২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের ১৪.০০৭. ০০৪. ০১.০০.০২৭.২০১১-৫৯ নং প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd